

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



নংপ্রশাসন/বাশিহাই/২০২১/২৩২১

তারিখঃ ৩০/১২/২০২১খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে (সাবেক ঢাকা শিশু হাসপাতাল) সিনিয়র স্টাফ নার্স এর নিম্নলিখিত পদসমূহে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে হাসপাতালের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	সিনিয়র স্টাফ নার্স বেতন স্কেল : টা ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	১৭৫ (একশত পচাত্তর) টি	১। ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন- নার্সিং ডিগ্রী।
২।	সিনিয়র স্টাফ নার্স (শিশু কার্ডিয়াক) বেতন স্কেল : টা ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	৩০ (ত্রিশ) টি	১। ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন- নার্সিং ডিগ্রী। ২। কার্ডিয়াক সার্জারী/ ক্যাথল্যাব/ কার্ডিয়াক আইসিইউ/ কার্ডিয়াক এইচডিইউ-এ কাজের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলীঃ

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর নং০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩, তারিখঃ ১৯/০৮/২০২১ইং মোতাবেক জারীকৃত পত্র অনুযায়ী যে সকল আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ইং তারিখ ৩০ বছর পূর্ণ হয়েছে, এবং মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় যে সকল আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে ৩২ বছর পূর্ণ হয়েছে, তারা আবেদন করতে পারবেন।
- আবেদন ফরম www.dsh.org.bd হতে ডাউনলোড করতঃ তা যথাযথ ভাবে পূরণ করে আগামী ১৫/০১/২০২২ তারিখের মধ্যে (অফিস সময়কাল সকাল ৯ঃ০০ ঘটিকা হতে বেলা ২ঃ০০ ঘটিকা) সরাসরি/ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় পৌঁছাতে হবে।
- আবেদন ফরমের সহিত নিম্নলিখিত সনদপত্রসমূহের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র;
 - সদ্য তোলা ৩ (তিন) কপি (ল্যাবপ্রিন্ট) পাসপোর্ট সাইজের ছবি;
 - বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্ট্রেশন সনদ;
 - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌর সভার চেয়ারম্যান/কাউন্সিলের কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
 - চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;
 - বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্ট্রেশন সনদ প্রাপ্ত হওয়ার পর থেকে ৬ (ছয়) মাস চাকুরীর অভিজ্ঞতার সনদ সংযুক্ত করতে হবে;
 - প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ “পরিচালক, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট” এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার সমমূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক থেকে সংগ্রহ করে তা আবেদন ফরমের সহিত সংযুক্ত করতে হবে;
 - “মুক্তিযোদ্ধা পোষ্য” প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।
- শিশু রোগী সেবায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা হাসপাতাল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসংগতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে নির্বাচন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা হাসপাতাল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপ-পরিচালক (হাসপাতাল)
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট